

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৭.০৩৯.২০.১১৯

বিষয়: ম্যাপস শ্রেড লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশ প্রসংগে।
সূত্র: আবেদনপত্র নং-১০৩৭, তারিখঃ ০৫/০৯/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ম্যাপস শ্রেড লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-১২৬, ব্লক-বি, সড়ক-০১, ওয়ার্ড-০২, শ্রীখন্ডিয়া, আশুলিয়া, ঢাকা, শিল্প উপ-খাত “সুইং শ্রেড” এর অধীনে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসাবে নিবন্ধনকৃত একটি কারখানা। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- পরিঃ/সুইং শ্রেড-০০০০০২৪০-১৬, তারিখঃ ১৬/১১/২০১৬ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৬৭১৭২২ এর আমদানি স্বত্ব পরিবর্তনের জন্য আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে শিল্প আইআরসি এর বিদ্যমান ষাণ্মাসিক আমদানি স্বত্ব ১২,৪৯,৫০০/- (বার লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ২৪,৯৯,০০০/- (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা থেকে বৃদ্ধি করে শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পুনঃ নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী “সুইং শ্রেড” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ম্যাপস শ্রেড লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে শিল্প আইআরসি এর বিদ্যমান ষাণ্মাসিক আমদানি স্বত্ব ১২,৪৯,৫০০/- (বার লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ২৪,৯৯,০০০/- (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা থেকে বৃদ্ধি করে শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পুনঃ নির্ধারণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী সুইং শ্রেড কারখানা বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়ার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না।



১৭-০৯-২০২৩
মো: সাইফুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৭.০৩৯.২০.১১৯/১ (৬)

২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন,

ঢাকা-১০০০;

২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;

৩। ব্যবস্থাপনা পরিচালক, ম্যাপস প্রেড লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-১২৬, ব্লক-বি, সড়ক-০১, ওয়ার্ড-০২, শ্রীখন্ডিয়া, আশুলিয়া, ঢাকা;

৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;

৫। সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের জন্য) এবং

৬। অফিস কপি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৭-০৯-২০২৩

কামরুল আলম

সহকারী পরিচালক